General Medical Council

# আপনার ডাক্তার যদি আপনার শিশুর নিরাপত্তার ব্যাপারে উদ্বিগ্ন হন, তাহলে কী আশা করতে পারেন

একজন ডাক্তার যদি এই বিষয়ে উদ্বিগ্ন হন যে কোনও শিশু বা ছোট বাচ্চার নির্যাতন বা অবহেলার আশঙ্কা আছে, তাহলে তাদের সেই শিশু বা ছোট বাচ্চাকে সুরক্ষিত রাখার জন্য অবশ্যই কিছু পদক্ষেপ নিতে হবে। এটা ঘটলে, তা পরিবারের পক্ষে খুবই দুঃখজনক ও মানসিক চাপের ব্যাপার হতে পারে এবং মা-বাবাদের মনে প্রায় ক্ষেত্রেই প্রশ্ন ওঠে যে তাদের ডাক্তার কী কী করতে পারেন অথবা করতে পারেন না। এই লিফলেটটি ঐ প্রশ্নগুলির উত্তর দিতে সাহায্য করবে।

আপনার এমন কোনও প্রশ্ন থাকতে পারে যেগুলিকে এখানে অন্তর্ভুক্ত করা হয় নি, তাই আমরা এই লিফলেটের শেষে নির্দেশনা ও সহায়তার অন্যান্য উৎসগুলির সম্বন্ধে পরামর্শ দিয়েছি।

## ডাক্তার যদি মনে করেন যে আমার শিশুর নিরাপত্তার ঝুঁকি আছে, তাহলে তিনি কী করবেন?

তারা যে সব পদক্ষেপ নেবেন সেগুলি পরিস্থিতির উপরে নির্ভর করবে। যেখানে সম্ভব হবে, সেখানে আপনার ডাক্তারকে অবশ্যই আপনার সঙ্গে কাজ করতে হবে, যাতে আপনার শিশুর প্রয়োজনীয় পরিচর্যা ও সহায়তা পাওয়া নিশ্চিত করা যায়।

ডাক্তার তার উদ্বেগগুলি একটি শিশু সুরক্ষা এজেন্সির কাছে প্রকাশ করবেন কিনা, সেই ব্যাপারে তিনি যদি নিশ্চিত না হন, তাহলে তিনি একজন অভিজ্ঞ সহকর্মীর (যেমন অন্য একজন ডাক্তার বা নার্স) কাছে সাহায্য ও পরামর্শ চাইবেন। সম্ভব হলে, তিনি আপনার বা আপনার শিশুর পরিচয় সনাক্ত না করে এটা করবেন।

যেখানে একজন ডাক্তার এই বিষয়ে উদ্বিগ্ন হবেন যে একটি শিশু নির্যাতন বা অবহেলার শিকার হয়েছে বা তার আশঙ্কা আছে, সেই ক্ষেত্রে তাকে অবশ্যই স্থানীয় শিশু পরিষেবা বা NSPCC এর মত একটি এজেন্সিকে এই বিষয়টা জানাতে হবে, যারা শিশুদের সুরক্ষার জন্য দায়ী।

## ডাক্তার কি কোনও কিছু করার আগে আমার সঙ্গে কথা বলবেন?

আপনার ডাক্তার যদি আপনার শিশুর নিরাপত্তার বিষয়ে উদ্বিগ্ন হন তাহলে তিনি সাধারণত আপনাকে সেটা জানাবেন এবং এই উদ্বেগগুলির সুরাহা করার জন্য তিনি কী কী করবেন সেই সম্বন্ধে আপনার সঙ্গে আলোচনা করবেন। তারা যদি ভাবেন যে আপনাকে এই সম্বন্ধে জানালে আপনার শিশুর ক্ষতির আশঙ্কা আরও বেড়ে যাবে, একমাত্র সেই ক্ষেত্রেই তিনি আপনাকে এটা জানাবেন না।

আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ দেওয়া উচিত এবং খোলাখুলি ও সততাবে আপনার প্রশ্নগুলির উত্তর দেওয়া উচিত। যে সব আঘাত বা অন্য কোনও লক্ষণ থেকে নির্যাতন বা অবহেলার ইঙ্গিত পাওয়া যেতে পারে, তার সম্ভাব্য কারণের ব্যাপারে ডাক্তারকে অবশ্যই খোলা মনে আপনার কথা শুনতে হবে।

## ডাক্তার কি আমার শিশুর সঙ্গে তার উদ্বেগগুলির সম্বন্ধে কথা বলবেন?

আপনার ডাক্তারকে সরাসরি আপনার শিশুর সঙ্গে কথা বলতে হবে এবং তার বয়স ও পরিণতি বোধের কথা বিবেচনা করে তার কথা শুনতে হবে। তিনি কোনও সিদ্ধান্ত নেওয়ার সময়ে, তাকে সবসময় আপনার শিশুর মতামতকে গ্রাহ্য করতে হবে। আপনার শিশু আপনার অনুপস্থিতিতে ডাক্তারের সঙ্গে কথা বলতে পারে, যদি সেটা শিশুকে তার কোনও সমস্যার সম্বন্ধে কথা বলতে সাহায্য করে।

## ডাক্তার তার উদ্বেগের ব্যাপারে অন্য কাউকে জানানোর আগে, তার কি আমার সম্মতি নেওয়ার প্রয়োজন আছে?

আপনার এবং আপনার শিশুর বিষয়ে কোনো তথ্যকে তার স্বাস্থ্যসেবা দলের বাইরের কারও সঙ্গে আদানপ্রদান করতে হলে, ডাক্তারের সাধারণত আপনার সম্মতি প্রয়োজন হয়। তারা এই সম্মতি চাইবেন, যদি না এটা না করার জন্য কোনও জোরালো কারণ থাকে – যেমন, ডাক্তার যদি মনে করেন যে এটা করলে আপনার শিশুর ঝুঁকি আরও বেড়ে যাবে। এই ধরনের পরিস্থিতিতে ডাক্তার প্রথমে আপনার সম্মতি না নিয়েই তথ্য আদানপ্রদান করতে পারেন।

আপনার শিশুর যদি সিদ্ধান্ত নেওয়ার পরিণতি বোধ ও সেই বিষয়ে ধারণা থাকে, তাহলে সে ডাক্তারকে তার সম্বন্ধীয় তথ্য আদানপ্রদানের সম্মতি দিতে পারে। তবে তার যদি এটা না থাকে, তাহলে আপনার এবং আপনার শিশুর দুজনের জন্যই আপনাকে সম্মতি দিতে অনুরোধ করা হবে।

সম্মতি চাওয়ার সময়ে আপনার ডাক্তারকে এটা ব্যাখ্যা করতে হবে যে তারা কী কী তথ্য আদানপ্রদান করতে চান, কাদের সঙ্গে এবং কেন সেই তথ্য আদানপ্রদান করতে চান, এবং সেই তথ্য কীভাবে ব্যবহার করা হবে।

## আমার শিশু অথবা আমি যদি সম্মতি দিতে অস্বীকার করি তাহলে কী হবে?

কেন সম্মতি দিতে অস্বীকার করা হয়েছে, ডাক্তার সেই কারণগুলি বিবেচনা করবেন। তথ্য আদানপ্রদান করা না হলে, তার ফলস্বরূপ আপনার শিশুর কী কী ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে সেই বিষয়েও ডাক্তার চিন্তাভাবনা করবেন।

আপনার ডাক্তার যদি মনে করেন যে আপনার শিশুর গুরুত্বপূর্ণ ক্ষতির আশঙ্কা আছে, তাহলে তারা সাধারণত এমন কারো সঙ্গে সেই তথ্য আদানপ্রদান করবেন যিনি শিশুদের সুরক্ষা দেওয়ার জন্য দায়িত্বশীল, এবং তারা সাধারণত আপনাকে এটা করার কারণগুলি ব্যাখ্যা করবেন।

## ডাক্তারদের কি গোপনীয়তাকে সম্মান দিতে হয় না?

শিশু ও ছোট বাচ্চা এবং তাদের পরিবারের গোপনে চিকিৎসা পরিচর্যা ও পরামর্শ পাওয়ার অধিকার আছে। তবে কখনও কখনও শিশু ও ছোট বাচ্চাদের নির্যাতন বা অবহেলার থেকে সুরক্ষা দেওয়ার জন্য ডাক্তারদের তথ্য আদানপ্রদান করতে হয়।

## অতিরিক্ত সাহায্য ও পরামর্শের জন্য আমি কোথায় যেতে পারি?

**NSPCC** হল একটি জাতীয় চ্যারিটি, যারা শিশু ও ছোট বাচ্চাদের পক্ষ নিয়ে প্রচার অভিযান চালাচ্ছে। শিশু ও প্রাপ্তবয়স্করা পরামর্শ ও সহায়তার জন্য NSPCC এর হেল্পলাইনে ফোন করতে পারেন। শিশু ও ছোট বাচ্চারা 0800 111 নম্বরে চাইল্ডলাইনে ফোন করতে পারে। প্রাপ্তবয়স্করা সাহায্য ও পরামর্শের জন্য 0808 800 5000 নম্বরে ফোন করতে পারেন।
**www.nspcc.org.uk**

**ফ্যামিলি রাইট্‌স গ্রুপ (Family Rights Group (FRG))** সেই সব পরিবারকে বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও সহায়তা দেয় যাদের বাচ্চারা স্থানীয় কর্তৃপক্ষের শিশু পরিষেবার সঙ্গে যুক্ত আছে। পরিবারগুলি বিনামূল্যে এর পরামর্শ পরিষেবায় 0808 801 0366 নম্বরে ফোন করতে পারেন অথবা advice@frg.org.uk এ ইমেল পাঠাতে পারেন।
FRG এর ওয়েবসাইটেও নানা ধরনের বিনামূল্য পরামর্শের পাতা আছে।
**www.frg.org.uk**

**কোরাম চিলড্রেন্স লিগাল সেন্টার (Coram Children's Legal Centre (CCLC))** শিশু, ছোট বাচ্চা ও তাদের পরিবারকে এবং তত্বাবধায়ক ও পেশাদার ব্যক্তিদের বিনামূল্যে আইনি তথ্য, পরামর্শ এবং প্রতিনিধিত্ব প্রদান করে। পরিবারগুলি শিশু বিষয়ক আইন, পারিবারিক আইন এবং শিক্ষা সংক্রান্ত আইনের সম্বন্ধে আইনি পরামর্শের জন্য বিনামূল্যে এর পরামর্শ পরিষেবায় 08088 020 008 নম্বরে ফোন করতে পারেন।
**www.childrenslegalcentre.com**

**সিটিজেন্স অ্যাডভাইস (Citizens Advice)** হল একটি স্বাধীন সংস্থা, যারা সমস্ত বিষয়ে সবাইকে বিনামূল্যে গোপনীয় ও নিরপেক্ষ পরামর্শ দেয়। এর ওয়েবসাইটে পরামর্শ ও তথ্যও আছে।
**www.citizensadvice.org.uk**

**ফ্যামিলি লাইভ্‌স (Family Lives)** হল একটি জাতীয় চ্যারিটি, যারা পারিবারিক জীবনের সমস্ত বিষয়ে সাহায্য ও সমর্থন দেয়। এর পেরেন্টলাইন নামের একটি গোপনীয় পরিষেবা আছে (0808 800 2222), মা-বাবারা সন্তান পালন ও পারিবারিক জীবনের যে কোনও বিষয় সম্বন্ধে তথ্য, পরামর্শ, নির্দেশ ও সহায়তার জন্য ল্যান্ডলাইন ও বেশির ভাগ মোবাইল থেকে বিনামূল্যে এখানে ফোন করতে পারেন।
**www.familylives.org.uk**

**হোম-স্টার্ট ইউকে (Home-Start UK)** হল একটি দেশব্যাপী চ্যারিটি, যারা স্বেচ্ছাসেবকদের একটি নেটওয়ার্কের মাধ্যমে শিশুদের ও পরিবারগুলিকে সাহায্য করে।
**www.home-start.org.uk**

**ফ্যামিলি অ্যাকশন (Family Action)** হল একটি চ্যারিটি, যারা অসুবিধাগ্রস্ত ও সামাজিকভাবে বিচ্ছিন্ন পরিবারগুলিকে বাস্তবিক, মানসিক ও আর্থিক সহায়তা প্রদান করে।
**www.family-action.org.uk**

**ভিক্টোরিয়া ক্লিমবাই ফাউন্ডেশন (Victoria Climbié Foundation)** শিশুদের সোশ্যাল কেয়ারের সাথে যুক্ত শিশু, ছোট বাচ্চা ও পরিবারগুলিকে বিনামূল্যে পরামর্শ ও বিশেষজ্ঞ সহায়তা প্রদান করে, বিশেষত সংস্কৃতি ও বিশ্বাসের বিভিন্ন দিকগুলির সম্বন্ধে।
**www.vcf-uk.org**



© General Medical Council | The GMC is a charity registered in England and Wales (1089278) and Scotland (SC037750)
Code: GMC/WEDWCS-PENG/1114